

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd



স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০১৬.১৯. ৪২২

তারিখঃ ১০/১১/২০২০ খ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ কামাল হোসেন পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলায় নিম্নবর্ণিত অনিয়মসমূহ তথা অফিস শৃঙ্খলা পরিপন্থী কার্যক্রমে জড়িতঃ

- আর্থিক লেনদেন পরিচালনার জন্য সদর দপ্তরের নির্দেশনা অমান্য করে ০৩টি ব্যাংক হিসাব পরিচালনা ও ব্যাংক হিসাবের শিরোনামসমূহও নির্দেশনা মোতাবেক না করা;
- স্টক রেজিস্ট্রার, ডব্লিউ সি এস, সভ্য রেজিস্ট্রার, ঋণ বিতরণী রেজিস্ট্রার, হালনাগাদ এফডিআর রেজিস্ট্রার, বেতনভাতার হিসাব সংরক্ষণ রেজিস্ট্রার ব্যবহার না করা;
- দায়িত্বপ্রাপ্ত সমিতিসমূহে কখনই পরিদর্শন না করা;
- মাঠ সংগঠক কর্তৃক আদায়কৃত অর্থ দৈনন্দিনভাবে জমাদান না করাসহ অনিয়মতান্ত্রিকভাবে ঋণ বিতরণের বিষয়টি অবগত না করা;
- অফিসে নিয়মিতভাবে সময়মত না আসা;

২। এমতাবস্থায়, কর্মসূচি বাস্তবায়নের স্বার্থে এবং এ ধরনের অফিস শৃঙ্খলা পরিপন্থী কার্যক্রমের জন্য কেন কর্মসূচি'তে স্থানান্তর আদেশের ২(ঘ) শর্তানুযায়ী কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে আপনাকে কেন অপসারণ করা হবে না তার জবাব ০৭(সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য বলা হলো।

মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক,
ইরেসপো, বিআরডিবি, ঢাকা

জনাব মোঃ কামাল হোসেন
হিসাব সহকারী,
ইরেসপো, বিআরডিবি,
মির্জাগঞ্জ, পটুয়াখালী

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ পটুয়াখালী।
২. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ মির্জাগঞ্জ জেলাঃ পটুয়াখালী।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, ইরেসপো, উপজেলাঃ মির্জাগঞ্জ জেলাঃ পটুয়াখালী।
৫. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।